

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 12-06-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Railway Tatkaal Ticket .

ভারতীয় রেলওয়ে তৎকাল টিকিট বুকিং পদ্ধতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তনের ঘোষণা করেছে। নতুন ব্যবস্থা অনুযায়ী, আগামী ১৫ জুলাই থেকে অনলাইন তৎকাল বুকিংয়ের জন্য যাত্রীদের আধার ভিত্তিক OTP অথেনটিকেট করা বাধ্যতামূলক হবে। কম্পিউটারাইজড প্যাসেঞ্জার রিজার্ভেশন সিস্টেম কাউন্টার এবং অনুমোদিত এজেন্টদের মাধ্যমে বুক করা তৎকাল টিকিটের জন্য বুকিংয়ের সময় ব্যবহারকারীর প্রদত্ত মোবাইল নম্বরে পাঠানো OTP অথেনটিকেট করা প্রয়োজন হবে। তৎকাল টিকিটে স্বচ্ছ ন্যায়সঙ্গত ও যাত্রীদের স্বার্থেই এই ব্যবস্থা বলে রেল মন্ত্রক থেকে জানানো হয়। রেলওয়ে মন্ত্রক জানিয়েছে যে শুধুমাত্র সেই সব যাত্রী সাধারণ IRCTC-র ওয়েবসাইট এবং অ্যাপের মাধ্যমে অনলাইনে তৎকাল টিকিট বুক করতে পারবেন যারা তাদের অ্যাকাউন্ট আধার নম্বর সংযোগ করেছেন।

CM.relief assistance.

মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডাঃ মানিক সাহা, সম্প্রতি জলে ডুবে মৃত সাতজনের পরিবারের সদস্যদের হাতে আর্থিক সহায়তা হিসেবে গতকাল চার লক্ষ টাকা করে চেক তুলে দেন। সম্প্রতি পশ্চিম জেলার বিভিন্ন স্থানে জলে ডুবে ৭ জনের মৃত্যু ঘটে।

জলে ডুবে যাঁদের প্রাণহানি হয়েছে, তারা হলেন - সিধাই থানাধীন রামসাধুপাড়া এলাকার পিয়ালী দেববর্মা এবং প্রিয়াঙ্কা দেববর্মা, জিরানীয়া জয়নগর এলাকার

মাহিন্দ্র সিং, মান্দাইপাড়া এলাকার তন্ময় দেবনাথ, উজান অভয়নগর এলাকার লিটন সাহা, মজলিশপুর ব্রজনগরের প্রসেনজিৎ দেবনাথ এবং প্রতাপগড় এলাকার অক্ষয় ঋষি দাস।

মুখ্যমন্ত্রী শোকাহত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

Tourism Minister :

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন রাজ্যের পর্যটন শিল্পের উন্নয়নে ৩৫০ কোটি টাকারও বেশি অর্থে বিভিন্ন প্রকল্পের কাজ চলছে। কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রকের স্বদেশ দর্শন প্রকল্প এবং এশিয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় এইসব উন্নয়ন প্রকল্পের কাজ চলছে। গতকাল আগরতলার গীতাঞ্জলি ট্যুরিজম গেস্ট হাউসে ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগমের বোর্ড অব ডিরেক্টরস-এর বৈঠক শেষে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী সংবাদ মাধ্যমের কাছে এ তথ্য জানান।
Byte.....

Edible Oil duty reduced.:

কেন্দ্রীয় সরকার অপরিশোধিত ভোজ্য তেলের উপর মৌলিক কাস্টমস শুল্ক ২০ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশ করেছে। এইসব ভোজ্য তেলের মধ্যে রয়েছে অপরিশোধিত সূর্যমুখী তেল, সয়াবিন তেল এবং পাম তেল। এই সিদ্ধান্তের ফলে অপরিশোধিত এবং পরিশোধিত ভোজ্য তেলের মধ্যে আমদানি শুল্কের পার্থক্য ৮.৭৫ শতাংশ থেকে ১৯.২৫ শতাংশে পৌঁছেছে।

কেন্দ্রীয় খাদ্য জনসংভরন ও ভোক্তা বিষয়ক মন্ত্রক জানিয়েছে যে, এই পদক্ষেপের উদ্দেশ্য ভোজ্য তেলের দামের স্থিতিশীলতা রক্ষার পাশাপাশি

খুচরা বাজার মূল্য কমানো, যা ভোক্তাদের জন্য স্বস্তিদায়ক হবে এবং মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণেও সাহায্য করবে।

Press-Meet-11 Years of Modi Government :

কৃষি ও বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী'র নেতৃত্বাধীন ১১ বছরের শাসনকালে ভারত বিশ্বের চতুর্থ অর্থনীতির দেশ হিসাবে পরিগণিত হয়েছে। মশলা, তুলা, ডালশস্য, দুধ উৎপাদনে ভারত এখন শীর্ষস্থানে। গতকাল কুমারঘাটে B.J.P'র মন্ডল কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন।

এছাড়া কৃষিমন্ত্রী গতকাল কুমারঘাট মহকুমার বেতছড়ায় গ্ৰামীণ বাজারের নতুন পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন।

11 Years Of NDA-Chamanu :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এনডিএ সরকারের বিকশিত ভারতের অমৃতকাল সেবা, সুশাসন, গরিব কল্যানের ১১ বছরের কর্মসূচি সম্পর্কে বিজেপি ছামনু মন্ডলের উদ্যোগে গতকাল ছামনুতে এক মত বিনিময় সভা ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক শম্ভুলাল চাকমা। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের সময়কালে ভারতবর্ষে এক নতুন যুগের সূচনা হয়েছে। মহিলা, স্বাস্থ্য, শিক্ষা, শিল্প সহ প্রতিটি গুরুত্বপূর্ণ স্তরে দেশ বিকাশ ও অগ্রগতির মুখ দেখছে।

Review Meeting-Belonia :

মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে গতকাল বিলোনিয়া সার্কিট হাউসে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মৎস্য চাষ ও প্রাণী সম্পদ বিকাশে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিয়ে পর্যালোচনা করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, মাইলাফু মগ ও স্বপ্না মজুমদার, সচিব দীপা ডি নায়ার, দক্ষিণ জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি ও অন্যান্য আধিকারিকগণ।

SC OBC Minority Committee Hostel :

রাজ্য বিধানসভার এসটি ওবিসি মাইনরিটি কমিটির এক প্রতিনিধি দল গতকাল পশ্চিম জেলায় ১১টি আবাসিক হোস্টেল পরিদর্শন করেন। কমিটির চেয়ারম্যান বিধায়ক রঞ্জিত দাস জানান, পরিদর্শনকালে তারা হোস্টেলগুলির পরিকাঠামোগত সমস্যা সম্পর্কে অবহিত হন। শ্রী দাস জানান সমস্যা নিরসনে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। পরিদর্শনকালে কমিটির সদস্য বিধায়ক অন্তরা দেব সরকার, মাইলাফু মগ, পাঠান লাল জমাতিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

Weather .

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে সন্ধ্যা ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়াও বয়ে যেতে পারে। তাছাড়া উত্তর, ধলাই ও দক্ষিণ জেলার কোথাও কোথাও ভারি বৃষ্টিপাতের সতর্কতা রয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ

ভোর পর্যন্ত বৃষ্টিপাত হয়েছে ২.৬ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে
সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে
৩৪ ডিগ্রির কাছাকাছি।
